

গাইড বই থেকে প্রশ্ন করা শিক্ষককে খাগড়াছড়ি বদলি

■ ইত্তেফাক রিপোর্ট

জেএসসি পরীক্ষা ২০১৬-এর বাংলা ১ম পত্র পরীক্ষায় গাইড থেকে প্রশ্ন জুড়ে দেয়ার বিষয়টি প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় অভিযুক্ত শিক্ষকদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া শুরু হয়েছে।

প্রশ্নপত্র প্রণয়নকারী সহকারী শিক্ষক আবদুল ওহাবের বিরুদ্ধে কেন বিভাগীয় কার্যক্রম গ্রহণ করা হবে না- পত্র প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানো নোটিস জারি করেছে। আরেক অফিস আদেশে তাকে ফেনী সরকারি পাইলট উচ্চ বিদ্যালয় হতে খাগড়াছড়ির রামগড় সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক হিসেবে স্তান্ড রিলিজ করা হয়েছে।

একইভাবে প্রশ্ন পরিশোধনকারী-কুমিল্লা জিলা স্কুলের সহকারী শিক্ষক রিজা বড়ুয়া, চাঁদপুর হাসান আলী সরকারি উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক নাছিমা খানম ও নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক মোঃ শ্যামিম আক্তারের বিরুদ্ধেও পত্র প্রাপ্তির ৭ কার্যদিবসের মধ্যে কারণ দর্শানো নোটিস জারি করা হয়েছে। তবে প্রশ্ন উঠেছে প্রজ্যেতন্ত্রের কর্মচারীদের বদলি কীভাবে শাস্তি হয়? বদলি তো চাকরির অংশ।